গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

**স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা-৭১/২০২৩-২০২৪**

**ময়মনসিংহ, ১০ ডিসেম্বর, রবিবার ২০২৩, ২৫ অগ্রহায়ন ১৪৩০**

**আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:**

০১। দুদক কর্মকর্তাদের নৈতিকতার সাথে দায়িত্ব পালনের আহ্বান রাষ্ট্রপতির

০২। বেগম রোকেয়ার স্বপ্ন পূরণ করতে পেরেছে বাংলাদেশ- প্রধানমন্ত্রী

০৩। আজ ময়মনসিংহ মুক্ত দিবস

০৪। ময়মনসিংহে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধপক্ষ ও বেগম রোকেয়া দিবস পালিত

০৫। ময়মনসিংহে পেঁয়াজের বাজারে অস্থিরতা, অস্বাভাবিক মূল্যে পেঁয়াজ বিক্রির দায়ে ভ্রাম্যমান আদালতের অভিযান, জরিমানা

### ০১। দুদক কর্মকর্তাদের নৈতিকতার সাথে দায়িত্ব পালনের আহ্বান রাষ্ট্রপতির

দুর্নীতি দমন কমিশন (দুদক)-এর সকল কর্মকর্তা ও কর্মচারীদের নৈতিকতা প্রদর্শন করে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। শনিবার (০৯ ডিসেম্বর) 'আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস-২০২৩' উপলক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালা অডিটোরিয়ামে দেয়া এক ভাষণে তিনি এই আহ্বান জানান। তিনি দুদককে জনগণের নির্ভরতা ও আস্থার স্থলে পরিণত করতে সংশ্লিষ্ট সকলকে নিরপেক্ষতা ও পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালনেরও আদেশ দেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক নিউ টাইমস।

### ০২। বেগম রোকেয়ার স্বপ্ন পূরণ করতে পেরেছে বাংলাদেশ- প্রধানমন্ত্রী

সরকার নারীর ক্ষমতায়ন এবং তাদের অধিকার নিশ্চিত করতে সম্ভব সব ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ বেগম রোকেয়ার স্বপ্ন পূরণ করতে পেরেছে। তিনি বলেন, আমার সরকারের নেয়া উদ্যোগের কারণে নারীরা কোনো সেক্টরেই পিছিয়ে নেই। শনিবার (০৯ ডিসেম্বর) সকালে 'বেগম রোকেয়া দিবস-২০২৩' উপলক্ষ্যে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদানকালে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

### ০৩। আজ ময়মনসিংহ মুক্ত দিবস

আজ ১০ ডিসেম্বর ময়মনসিংহ মুক্ত দিবস। ১৯৭১ সালের এই দিনে পাক হানাদার মুক্ত হয়েছিলো ময়মনসিংহ। মিত্রবাহিনী ও মুক্তিযোদ্ধারা এদিন শম্ভুগঞ্জ থেকে ব্রহ্মপুত্র নদ পার হয়ে দলে দলে সার্কিট হাউজ মাঠে জমায়েত হতে থাকে। অবরুদ্ধ শহরবাসী এ খবর পেয়ে আনন্দ উল্লাসে রাস্তায় নেমে আসে। মুক্তিবাহিনীর নেতৃত্বে ছিলেন ঢালু যুবশিবির প্রধান বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ মো. মতিউর রহমান এবং মিত্রবাহিনীর নেতৃত্বে ছিলেন ব্রিগেডিয়ার সামস শিংহ বাবাজি। ১০ ডিসেম্বর সার্কিট হাউজ মাঠে বাংলাদেশের পতাকা উত্তোলন করেন অধ্যক্ষ মো. মতিউর রহমান। উল্লেখ্য, ১৯৮৩ সাল থেকে আনুষ্ঠানিকভাবে ময়মনসিংহ মুক্ত দিবস পালিত হয়ে আসছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

### ০৪। ময়মনসিংহে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধপক্ষ ও বেগম রোকেয়া দিবস পালিত

'নারীর জন্য বিনিয়োগ সহিংসতা প্রতিরোধ' এবং 'শেখ হাসিনার বারতা নারী-পুরুষ সমতা' প্রতিপাদ্যকে সামনে রেখে ময়মনসিংহে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এবং বেগম রোকেয়া দিবস-২০২৩ পালিত হয়েছে। শনিবার (০৯ ডিসেম্বর) ময়মনসিংহ জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে এ উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে 'জয়িতা অন্বেষণে বাংলাদেশ' শীর্ষক কার্যক্রমের আওতায় ময়মনসিংহ সদর উপজেলা ও জেলা পর্যায়ে ৮ জন জয়িতার মাঝে সংবর্ধনা প্রদান করা হয়। ময়মনসিংহ জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও আজকের বাংলাদেশ।

### ০৫। ময়মনসিংহে পেঁয়াজের বাজারে অস্থিরতা, অস্বাভাবিক মূল্যে পেঁয়াজ বিক্রির দায়ে ভ্রাম্যমান আদালতের অভিযান, জরিমানা

ভারত থেকে পেঁয়াজ আমদানি বন্ধের খবরে ময়মনসিংহে পেঁয়াজের বাজারে চরম অস্থিরতা দেখা দিয়েছে। এক রাতের ব্যবধানে পেঁয়াজের দাম কেজিতে বেড়েছে অন্তত ৭০ থেকে ৮০ টাকা। ময়মনসিংহ বিভাগের নেত্রকোনা, জামালপুর, শেরপুর ও ময়মনসিংহের বিভিন্ন হাটবাজারে পেঁয়াজের মূল্য অস্বাভাবিক বৃদ্ধিতে ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করা হয়েছে। ভোক্তা অধিকার আইনে ময়মনসিংহে মোট ০৮টি দোকানে জরিমানা করা হয়েছে বলে জেলা প্রশাসনের পক্ষ থেকে জানা গেছে। এদিকে, ময়মনসিংহ বিভাগের মোট চারটি বাজারের ১৩ টি দোকানে ৩১৫০০ টাকা জরিমানা আদায় করা হয়েছে। ভ্রাম্যমাণ আদালত নির্দেশ দেন, পেঁয়াজ পাইকারি ১৪০ টাকা ও খুচরা সর্বোচ্চ ১৫০ থেকে ১৬০ টাকায় বিক্রি করার জন্য। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

# সম্পাদকীয়

**(ক)** **দৈনিক স্বদেশ সংবাদ:** রাশিয়া-ইউক্রেন যুদ্ধ এবং আন্তর্জাতিক বাজারে মূল্যবৃদ্ধির আশঙ্কা থেকে ভোগ্যপণ্যের অভ্যন্তরীণ দাম ইতিমধ্যেই আঘাত আনতে শুরু করেছে। জীবনযাত্রার ব্যয় উল্লেখযোগ্যভাবে বেড়েছে। অসাধু ব্যবসায়ীদের বাজারের দামের কারসাজি করার জন্য কঠোর শাস্তি প্রদানে দৃঢ় পদক্ষেপ গ্রহণ জরুরী। বাজার সিন্ডিকেট ভেঙে দিতে হবে।

**(খ)** **দৈনিক স্বজন:** টাকার মান নির্ধারণ হয় টাকার ক্রয় ক্ষমতা দিয়ে। যেকোনো রাষ্ট্রের অর্থের আন্তর্জাতিক মূল্য নির্ধারিত হয় তার যোগান এবং চাহিদার উপর নির্ভর করে। টাকার মান কমে যাওয়ায় ভোক্তাদের ক্রয়ক্ষমতা কমছে। বাড়ছে পণ্যের দাম। সব মিলে অর্থনীতিতে দেখা দিয়েছে অস্থিরতা। মুদ্রাস্ফীতির সময় বাজারে দ্রব্যের যোগান বাড়াতে আমদানির পরিমাণ বাড়াতে হবে এবং আমদানি শুল্ক কমাতে হবে।

**(গ)** **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যের তালিকায় স্থান করে নিল ঢাকা শহরের 'রিক্সা ও রিক্সাচিত্র'। দেশের জন্য এটি পরম গৌরবের। বাস্তবতা হলো, এখন খুব কম রিক্সাতেই কারুশিল্পীদের আঁকা চিত্রকর্ম স্থান পায়। তাই এটি হারিয়ে যাওয়ার ঝুঁকি রয়েছে। বিশ্বস্বীকৃতি প্রাপ্তি বিদ্যমান অবস্থার পরিবর্তন ঘটাবে এবং রিক্সাচিত্র সংরক্ষণে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হবে, সেটাই প্রত্যাশা।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। অনলাইন জুয়ার ক্ষতিকর নেশায় সর্বস্ব হারাচ্ছে দেশের মানুষ- সুস্মিতা চক্রবর্তী (দৈনিক নিউ টাইমস)

০২। কন্যা শিশুর সুরক্ষা নিশ্চিত হোক- প্রকাশ ঘোষ বিধান (দৈনিক স্বজন)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।